গবেষণা পরিচালনা ও প্রকাশনা দপ্তর

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়
তারিখঃ ২২/১১/২০২৬

পিএইচডি/এমফিল/মাস্টার্স(থিসিস) গবেষকদের গবেষণা বৃত্তিঃ

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের গবেষণা পরিচালনা ও প্রকাশনা দপ্তরের উদ্যোগে সকল অনুষদের অন্তর্গত বিভাগ/ইনস্টিটিউট ও গবেষণা কেন্দ্রসমূহ হতে পিএইচডি/এমফিল/মাস্টার্স(থিসিস) গবেষকদের জন্য ২০২৫-২৬ সেশনে ভর্তিকৃত গবেষকবৃন্দের নিকট হতে ০৯/০১/২০২৬ তারিখে অনুষ্ঠিত ৫৬৫তম সিন্ডিকেট সভার ১০নং সিদ্ধান্তে গবেষণা বৃত্তি প্রদান সংক্রান্ত অনুমোদিত নীতিমালার আলোকে গবেষণা বৃত্তি প্রদানের নিমিত্তে সংশ্লিষ্ট গবেষকদের নিকট হতে দরখাস্ত আহবান করা হচ্ছে। সংযুক্ত আবেদন ফর্ম ব্যবহার করে স্ব স্ব বিভাগের প্ল্যানিং কমিটির সুপারিশ এবং বিভাগ / ইনস্টিটিউট কর্তৃক যাচাই বাছাই পূর্বক আগামী ৩১/১২/২০২৬ তারিখ বিকাল ৩:০০ টার মধ্যে আবেদন জমা করতে হবে।

পিএইচডি/এমফিল/মাস্টার্স(থিসিস) গবেষকদের গবেষণা বৃত্তি নীতিমালা :

১। পিএইচডি, এমফিল, মাস্টার্স(থিসিস) গবেষকদের বৃত্তি প্রদানের ক্ষেত্রে শিক্ষাবর্ষ জুলাই-জুন বিবেচিত হবে। বৃত্তির জন্য কেবল পূর্ণকালীন (ফুল টাইম) শিক্ষার্থীরা আবেদনের জন্য যোগ্য হবেন।

২। এই নীতিমালা অনুমোদনের পর থেকে এক শিক্ষাবর্ষে আবেদনকারী গবেষকদের মধ্যে সেই অর্থ বছরের বিতরণযোগ্য সকল অর্থ ভাগ করে বিতরণ করা হবে। এতদ উদ্দ্যেশ্যে গবেষণা পরিচালনা ও প্রকাশনা দপ্তর উদ্যোগ গ্রহণ করবে।

৩। একজন পিএইচডি গবেষক সর্বোচ্চ ০৪ (চার) বছর, একজন এমফিল গবেষক সর্বোচ্চ ০২ (দুই) বছর এবং একজন মাস্টার্স (থিসিস) শিক্ষার্থী সর্বোচ্চ ৬ মাস বৃত্তি পাবেন। সকল ক্ষেত্রে রেজিস্ট্রেশন সক্রিয় থাকা সাপেক্ষে এবং গবেষণা তত্ত্বাবধায়কের কাজের অগ্রগতির সুপারিশ ও বিভাগীয় একাডেমিক কমিটির সুপারিশের মাধ্যমে আবেদন করতে হবে। একজন পিএইচডি গবেষক মাসিক ৪০,০০০/- (চল্লিশ হাজার) টাকা, একজন এমফিল গবেষক মাসিক ২০,০০০/ (বিশ হাজার) এবং একজন মাস্টার্স (থিসিস) শিক্ষার্থী মাসিক ১৫,০০০/- (পনের হাজার) টাকা করে পাবেন। যদি মাস্টার্স(থিসিস) আবেদনকারী বেশি হয় সেক্ষেত্রে প্রথমে ফ্যাকাল্টি অনুযায়ী কতজন কে দেয়া যাবে সে সংখ্যা ঠিক করে নেয়া হবে।

৪। পিএইচডি, এমফিল বৃত্তিপ্রাপ্ত গবেষকগণ প্রতি বছর বৃত্তি নবায়নের জন্য পূর্বের মত শর্ত পূরণ সাপেক্ষে আবেদন করতে হবে। কেউ নবায়নের জন্য আবেদন না করলে বৃত্তি পাবেন না। উল্লেখ্য যে, নবায়নের আবেদন পত্রে সুপারভাইজার কর্তৃক গবেষকের গবেষণা কাজের অগ্রগতি বিষয়ে সন্তোষজনক মতামতসহ একাডেমিক কমিটির সুপারিশ থাকতে হবে।

৫। ভর্তির পর প্রথম শিক্ষাবর্ষে শিক্ষাগত যোগ্যতার ভিত্তিতে অর্জিত মেধাক্রম অনুসারে বৃত্তি প্রদান করা হবে। শিক্ষাগত যোগ্যতার জন্য নিম্নরূপে পয়েন্ট হিসাব করা হবে। মাস্টার্স (থিসিস) এর ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা অনার্স ডিগ্রির সিজিপিএ এর ভিত্তিতে মেধাক্রম অনুসারে বিবেচিত হবে।

শিক্ষাগত যোগ্যতার জন্য পয়েন্ট:

ক.	এস. এস. সি./সমমান ও এইচ. এস. সি./সমমান পরীক্ষায় ১ম বিভাগ/ঐচ্ছিক বিষয়সহ জি. পি. এ. ৪.৫০ বা তদুর্ধ (প্রতিটি পরীক্ষার জন্যে)	৩ পয়েন্ট
খ.	এস. এস. সি./সমমান ও এইচ. এস. সি./সমমান পরীক্ষায় নূন্যতম ৫৫% নম্বরসহ ২য় বিভাগ/ঐচ্ছিক বিষয়সহ জি. পি. এ. ৪.০০ থেকে ৪.৪৯ (প্রতিটি পরীক্ষার জন্যে)	২ পয়েন্ট
গ.	এস. এস. সি./সমমান ও এইচ. এস. সি./সমমান পরীক্ষায় ৫০% থেকে ৫৪% নম্বরসহ ২য় বিভাগ/ঐচ্ছিক বিষয়সহ জি. পি. এ. ৩.৫০ থেকে ৩.৯৯ (প্রতিটি পরীক্ষার জন্যে)	১ পয়েন্ট
ঘ.	দেশীয় অনার্স/মাস্টার্স ডিগ্রি/বি. এসসি. (ইঞ্জি)/এম. এসসি. (ইঞ্জি)/এম. এসসি (এগ্রি) ডিগ্রিতে ১ম শ্রেণী/সি.জি. পি. এ. ৩.৭৫ বা তদুর্ধ (প্রতিটি ডিগ্রির জন্যে)	৫ পয়েন্ট
ঙ	দেশীয় অনার্স/ মাস্টার্স ডিগ্রিতে ৫% নম্বরসহ ২য় শ্রেণী/সি. জি. পি. এ. ৩.৫০ থেকে ৩.৭৪ (প্রতিটি ডিগ্রির জন্যে)	৪ পয়েন্ট
চ.	দেশীয় অনার্স/ মাস্টার্স ডিগ্রিতে ৫০% নম্বরসহ ২য় শ্রেণী/সি. জি. পি. এ. ৩.০০ থেকে ৩.৪৯ (প্রতিটি ডিগ্রির জন্যে)	৩ পয়েন্ট
ছ.	বি. এসসি. (ইঞ্জি)/এম. এসসি. (ইঞ্জি)/বি. এসসি. (এগ্রি)/এম. এসসি. (এগ্রি) ডিগ্রিতে ৫৫% নম্বরসহ ২য় শ্রেণী/ সি. জি. পি. এ. ৩.২৫ থেকে ৩.৭৪ (প্রতিটি ডিগ্রির জন্যে)	৪ পয়েন্ট
জ.	স্নাতক পাশ (বি. এ./বি. এস. এস./বি. কম./বি. এসসি.) এবং সমমানের ডিগ্রিতে ১ম শ্রেণী/সি. জি. পি. এ. ৩.৭৫ বা তদুর্ধ	৩ পয়েন্ট
ঝ.	স্নাতক পাশ (বি. এ./বি. এস. এস./বি. কম./বি. এসসি.) এবং সমমানের ডিগ্রিতে ন্যূনতম ৫৫% নম্বরসহ ২য় শ্রেণী/সি. জি. পি. এ. ৩.৫০ থেকে ৩.৭৪ পর্যন্ত	২ পয়েন্ট
ঞ.	এম. বি. বি. এস./বি. ডি. এস./ডি. ভি. এম. উত্তীর্ণ	৫ পয়েন্ট
ট.	বিদেশী অনার্স ডিগ্রির জন্য (১ম ডিগ্রি)	৫ পয়েন্ট
ঠ.	বিদেশী মাস্টার্স ডিগ্রি (এম. এ./এম. কম./এম. এসসি./এম. বি. এ.) এবং সমমানের ডিগ্রির জন্য (১ম ডিগ্রি)	৫ পয়েন্ট
ড.	বিদেশী মাস্টার্স ডিগ্রি (এম. এ./এম. কম./এম. এসসি./এম. বি. এ.) এবং সমমানের ডিগ্রির জন্য (২য় ডিগ্রি)	৩ পয়েন্ট
ঢ.	এমফিল ডিগ্রির জন্য (কেবল পিএইচডি প্রার্থীদের ক্ষেত্রে প্রযোজ্য)	৩ পয়েন্ট

৬। পিএইচডি এর ক্ষেত্রে ৩য় ও ৪র্থ বর্ষে কম পক্ষে ০১টি করে Peer Reviewed পাবলিকেশন ছাড়া গবেষণা বৃত্তি নবায়নের জন্য আবেদন করতে পারবে না। এমফিল এর ক্ষেত্রে তাদেরকে কমপক্ষে ০১টি Peer Review পাবলিকেশন করতে হবে। না হলে প্রাপ্ত টাকা ফেরত দিতে হবে।

৭। গবেষণা পরিচালনা ও প্রকাশনা দপ্তর কর্তৃক গঠিত বাছাই কমিটির সুপারিশের আলোকে গবেষণা পরিচালনা ও প্রকাশনা দপ্তর সভার মাধ্যমে বৃত্তির আবেদন অনুমোদন করবে।

৮। পিএইচডি, এমফিল এবং মাস্টার্স (থিসিস) গবেষকদেরকে পিএইচডি, এমফিল ও মাস্টার্স(থিসিস) অর্ডিন্যান্স অনুযায়ী নির্ধারিত সময়ের মধ্যে ডিগ্রি সম্পন্ন করতে হবে। অন্যথায় গবেষককে গৃহীত বৃত্তির টাকা ফেরত দিতে হবে। তবে গ্রহণযোগ্য (অসুস্থতা/দুর্ঘটনা/দুর্যোগ/মহামারি ইত্যাদি) পরিস্থিতির কারণে বৃত্তির টাকা ফেরত দেয়ার জন্য ও ডিগ্রি সম্পন্ন করার জন্য আবেদন করে ০১ (এক) বছর মেয়াদ বৃদ্ধি করতে পারবেন।

৯। বৃত্তির গৃহীত অর্থ শুধু গবেষণা কাজে ব্যয় করা যাবে, অন্য কোন কাজে ব্যবহার করা যাবে না।

১০। রেজিস্ট্রার অফিসের উচ্চশিক্ষা সেল কর্তৃক যেসব গবেষক বৃত্তি পেয়েছেন এবং তাদের গবেষণা চলমান তারা গবেষণা ও প্রকাশনা দপ্তরের বৃত্তির জন্য আবেদন করতে পারবেন না।

১১। এই নীতিমালার অধীনে বৃত্তি সংক্রান্ত কোন বিষয়ে স্পষ্ট সিদ্ধান্ত নেয়া না গেলে তা গবেষণা পরিচালনা ও প্রকাশনা দপ্তরের সভায় বিবেচনার জন্য উপস্থাপিত হবে।

১২। ২০২৪-২০২৫ অর্থবছর থেকে এই নীতিমালার অধীনে বৃত্তির কার্যক্রম পরিচালনা করা হবে।

ধন্যবাদান্তে,

(প্রফেসর ড. তানভীর মোহাম্মদ হায়দার আরিফ)
পরিচালক
গবেষণা পরিচালনা ও প্রকাশনা দপ্তর
চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়

স্মারক নং-চ.বি/গবেষণা পরিচালনা ও প্রকাশনা দপ্তর/২০২৬ তারিখ: ২২/১১/২০২৬

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো:

১। ডিন, সকল অনুষদ, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়
২। সকল সভাপতি - বিভাগ, পরিচালক - ইনস্টিটিউট/গবেষণা কেন্দ্র, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়
৩। সকল হলের প্রভোস্ট, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়
৪। গ্রন্থাগারিক, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়
৫। পরিচালক, পরিকল্পনা ও উন্নয়ন দপ্তর, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়
৬। কলেজ পরিদর্শক, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়
৭। পরিচালক, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় যাদুঘর
৮। হিসাব নিয়ামক (ভারপ্রাপ্ত), চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়
৯। পরীক্ষা নিয়ন্ত্রক, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়
১০। ডেপুটি রেজিস্ট্রার, উপাচার্য দপ্তর, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়
১১। ডেপুটি রেজিস্ট্রার, উপ-উপাচার্য (প্রশাসন) এর দপ্তর, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়
১২। সহকারী রেজিস্ট্রার,উপ-উপাচার্য (একাডেমিক) এর দপ্তর, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়
১৩। ডেপুটি রেজিস্ট্রার (উচ্চ শিক্ষা সেল), রেজিস্ট্রার অফিস, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়
১৪। ডেপুটি রেজিস্ট্রার, একাডেমিক শাখা, রেজিস্ট্রার অফিস, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়
১৫। ডেপুটি রেজিস্ট্রার, তথ্য ও জনসংযোগ শাখা, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়
১৬। ম্যানেজার, অগ্রণী ব্যাংক / জনতা ব্যাংক, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় শাখা
১৭। পরিচালক, আইসিটি সেল, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (সংযুক্ত বিজ্ঞপ্তি ও ফরম বিশ্ববিদ্যালয় ওয়েবসাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)
১৮। গবেষণা পরিচালনা ও প্রকাশনা দপ্তরের সকল সদস্যবৃন্দ, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়
১৯। বিজ্ঞপ্তি ফলক
২০। অফিস নথি

Research & Publication Cell
University of Chittagong

SL NO.: .....
Date :.....

APPLICATION FORM FOR SCHOLARSHIP
Ph. D./M. Phil./MASTERS (THESIS GROUP)
UNIVERSITY OF CHITTAGONG

1. Name of the applicant in full (in block letters) :.....
2. Degree Enrolled :.....
   Name of the degree :.....
   Enrolment Session :.....
   Registration No. :.....
   Roll/ID No. :.....
   Present year of study :.....
3. a. Father's /Husband's Name :.....
   b. Mother's Name :.....
   c. Guardian's Name (in absence of Father/Husband) :.....
4. Date of Birth :.....
5. Permanent address Vill..... P.O.:.....
   P.S. ..... DIS.:.....
   Present Address :.....
6. Mobile No. :.....
   Email :.....
7. Name of the Department / Institute :.....
8. Name of the Faculty :.....
9. Married or Unmarried (if married, name, address and occupation of husband/wife should be mentioned :
   .....
   .....
10. Employment Details (if applicable) :
    .....
11. Academic Results :.....

Name of Examinations passed	Year of passing the examinations	Subject, if applicable	Name of the Board/University	Div./Class/GPA CGPA obtained
S.S.C. or equivalent with group				
H.S.C. or equivalent with group				
B.A./B.Sc./B.Com./B.S.S./L.L.B./ B.B.A.(Hons)/ Pass with subject				
M.A./ M.S./ M.Com./ M.S.S./ L.L.M./ M.B.A. with subject (1st Masters)				

Name of Examinations passed	Year of passing the examinations	Subject, if applicable	Name of the Board/University	Div./Class/GPA CGPA obtained
M.B.B.S./ B.D.S./ B. Pharm.				
M.A./ M.S/ M.Com./ M.S.S./ L.L.M./ M.B.A. with subject (2nd Masters)				
(M. Phil.)				

12. Scholarships, Stipends, Prizes, Medals etc., if any previously obtained (use separate sheet, if necessary):
.....
13. If any research undertaken /completed, give details(use separate sheet, if necessary):
.....
14. List of publications, if any
(Use separate sheet, if necessary).....
15. Research proposal (Write the title of your research proposal) :

.....
Signature of the applicant

16. Remarks of the Supervisor:

.....
Signature of the Supervisor
Name & Department

17. Remarks of the Joint Supervisor, if any:

.....
Signature of the Joint Supervisor
Name & Department

18. Remarks

.....
Signature & Seal
Chairman/Director/Centre
Department/ Institute

The following documents will have to be enclosed with application:

1. All necessary academic certificates, including transcripts/mark sheets-attested
2. Three recent passport size photographs and NID-attested
3. Joining letter and Registration Card-attested
4. Research Proposal
5. Copy of Publication (if applicable)
6. Proof of Scholarship, stipends, Prizes, Medals- attested (if applicable)
7. Proof of research undertaken/completed (if applicable)
8. Proof of Publication Acceptance (if applicable)